গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
আর্থিক ব্যবস্থাপনা ও অডিট অনুবিভাগ

স্মারক নম্বর: ৫৯.০০.০০০০.১০৩.২৫.০০১.২৩.৪৭ তারিখ: ২২-১০-২০২৩ খ্রি:

বিষয়: পরিদর্শন প্রতিবেদন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিম্ন স্বাক্ষরকারী কর্তৃক গত ২৬-০৯-২০২৩ খ্রি. তারিখে টাঙ্গাইল জেলার কালিহাতি উপজেলাধীন এলেঙ্গা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র সরেজমিন পরিদর্শন করা হয়। উক্ত পরিদর্শন প্রতিবেদন পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হ'ল।

সংযুক্তি: বর্ণনামতে।

25/10/2023
(ইশরাত জামান)
যুগ্মসচিব
ফোন-২২৩৩৮৭২৫২

সচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:-

০১. মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা
০২. উপসচিব (জনসংখ্যা-১), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
০৩. সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
০৪. ফাহমীন খালেক নিপা, সহকারী পরিচালক (সংযুক্ত- এপিএ কার্যক্রম, প্রশাসন-২), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
০৫. প্রোগ্রামার, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
০৬. অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
আর্থিক ব্যবস্থাপনা ও অডিট অনুবিভাগ

**টাঙ্গাইল জেলার কালিহাতি উপজেলাধীন এলেঙ্গা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের পরিদর্শন প্রতিবেদনঃ**

| | |
|---|---|
| **ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের নাম** | : এলেঙ্গা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র। |
| **উপজেলার নাম** | : কালিহাতী। |
| **জেলার নাম** | : টাঙ্গাইল। |
| **পরিদর্শনের তারিখ** | : গত ২৬-০৯-২০২৩ খ্রি. তারিখ। |
| **কর্মরত ও শূন্য জনবলের তথ্য** | : উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার ০১জন, ফার্মাসিস্ট ০১জন; পরিবার কল্যাণ পরিদর্শিকা ০১জন; পরিবার পরিকল্পনা পরিদর্শক ০১জন; আয়া ০১জন; এমএলএসএস/নিরাপত্তা প্রহরী ০১জন ; পরিবার কল্যাণ সহকারী ০১জন কর্মরত এবং ০৬টি ইউনিটের পরিবার কল্যাণ সহকারীর পদ শূন্য আছে। |

টাঙ্গাইল শহর হতে এলেঙ্গা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রটির দুরত্ব প্রায় ১০ কিঃ মিঃ। পরিদর্শনকালে উপপরিচালক (ভারপ্রাপ্ত), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, টাঙ্গাইল, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কালিহাতি, টাঙ্গাইল এবং সেবা কেন্দ্রে কর্মরত সকল স্টাফ উপস্থিত ছিলেন। ১৮/২০ জন সেবা প্রত্যাশি অপেক্ষমান ছিল। কেন্দ্রটিতে প্রতিদিন ৩০/৩৫ জন সাধারণ রোগী, ১৮/২২ জন কিশোর কিশোরী, ১৫/২০ জন শিশু সেবা, ৩/৫ জন গর্ভকালীন সেবা নিতে আসে। সেবার মান সন্তোষজনক।

**আর্থিক অনিয়ম থাকলে তার বিবরণ:** এলেঙ্গা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের সকল রেজিস্ট্রার যথাযথভাবে প্রত্যয়ন করা আছে। এছাড়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে সরাসরি অর্থ বরাদ্দ এবং খরচে কোন সুযোগ নাই বিধায় সেখানে আর্থিক অনিয়ম পরিলক্ষিত হয় নাই।

**প্রতিষ্ঠানের সার্বিক পরিবেশ ও পরিস্কার-পরিচ্ছন্নতা:** কেন্দ্রটি একতলা বিশিষ্ট বিল্ডিং। সেবাকেন্দ্রের ও বাসভবনের দেয়ালের চুন-সুর্কি খোসে পারছে। বৃষ্টি হলে ছাদ দিয়ে পানি পড়ে। মেঝে সেঁতসেঁতে ও দেয়ালে শেওলা পড়ে গেছে। কেন্দ্রটি রাস্তা থেকে নিচু। একটু বৃষ্টি হলেই পানি জমে। প্রতিটি রুমই ড্যাম, সীমানা প্রাচীর নাই। পরিস্কার-পরিচ্ছন্নতা সন্তোষজনক।

**প্রতিষ্ঠানিক ভৌত অবকাঠামো:** কেন্দ্রের পাশ দিয়ে পৌরসভার পাকা রাস্তা রয়েছে । তবে উক্ত পাকা রাস্তা হতে সেবাকেন্দ্রটি নিচু হওয়ায় বৃষ্টি হলেই পানি জমে। ফলে কর্দামক্ত পথে কেন্দ্রে প্রবেশ করতে হয়। অতি বর্ষণে কেন্দ্রের ভিতর বৃষ্টির পানি চলে আসে। উক্ত কেন্দ্রের আঙ্গিনায় মাটি ফেলে উচু করা হলে গর্ভবতী মা সহ অন্যান্য সাধারণ রোগিদের যাতায়তের জন্য ভাল হয়।

**প্রতিষ্ঠানে ব্যবহৃত আসবাবপত্রের অবস্থা:** উক্ত কেন্দ্রে কর্মরত উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার, পরিবার কল্যাণ পরিদর্শিকা এবং পরিবার পরিকল্পনা পরিদর্শকের জন্য নতুন ০৩ টি টেবিল ও চেয়ার এবং ০২ টি নতুন আলমিরা প্রয়োজন। কেন্দ্রটি ড্যাম হওয়ায় আসবাবপত্র গুলো নষ্ট হয়ে যাচ্ছে।

**পরবর্তী পৃষ্ঠায় দ্রষ্টব্য**

**সমস্যা:** কেন্দ্রটি সরজমিনে পরিদর্শনকালে জানা যায় যে কেন্দ্রের ভূমির মালিকানা নিয়ে এলেঙ্গা পৌরসভা ও এলেঙ্গা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের মধ্যে বিরোধ চলমান রয়েছে এবং কেন্দ্রটির ৪৫(পঁয়তাল্লিশ) শতাংশ ভূমি সাব কওলা দলিল মূল্যে ক্রয়কৃত, যা তৎকালীন নিয়ম অনুসারে " সচিব স্বাস্থ্য ও জনসংখ্যা নিয়ন্ত্রণ মন্ত্রনালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা" নামে ২৯/১২/১৯৮২ খ্রিঃ তারিখে রেজিস্ট্রিকৃত। উক্ত ৪৫(পঁয়তাল্লিশ) শতাংশ ভূমির মধ্যে ৩৭ (সাইত্রিশ) শতাংশের দাতা জনাব খলিলুর রহমান, প্রাক্তন চেয়ারম্যান, এলেঙ্গা ইউনিয়ন পরিষদ, কালিহাতি, টাঙ্গাইল এবং বাকী ০৮ (আট) শতাংশের দাতা জনাব ১। আফাজ উদ্দিন ও ২। ময়জন আলী: পিতা: মমতাজ আলী। উল্লেখ্য ৩১/০৮/৮১ ইং তারিখে উক্ত ভূমিতে এলেঙ্গা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র স্থাপন করবার জন্য তৎকালীন সার্কেল অফিসার (উন্নয়ন), কালিহাতি, টাঙ্গাইল কর্তৃক প্রস্তাব গৃহিত হয় এবং ১৪/০১/১৯৮২ খ্রিঃ তারিখে এলেঙ্গা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠন করা হয়। এই কমিটি কর্তৃক ০৯/১০/১৯৮২ খ্রিঃ তারিখে সর্বসম্মতিক্রমে ইউনিয়ন পরিষদের ৩৭(সাইত্রিশ) শতাংশ ভূমি পরিবার কল্যাণ কেন্দ্রের জন্য প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং জনাব খলিলুর রহমান, তৎকালীন চেয়ারম্যান কে ভূমি সাব কওলা করে দেয়ার জন্য ক্ষমতা প্রদান করা হয়। আলোচ্য ভূমির ২০১০-১১ অর্থবছর পর্যন্ত খাজনা ও ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র কর্তৃক পরিশোধ করা আছে, কিন্তু বর্তমানে এলেঙ্গা পৌরসভার সাথে বিরোধের কারণে খাজনা নেওয়া হচ্ছেনা অধিকিন্তু এলেঙ্গা পৌরসভা কর্তৃক জমিটি পুনঃদখল এবং এফডব্লিউসি উচ্ছেদ করার জন্য নানা অপপ্রচেষ্টা করা হচ্ছে মর্মে উপস্থিত সকলে জানান।

**সুপারিশ :** অনতিবিলম্বে সেবা কেন্দ্রটির মেরামত/সংস্কার এবং নতুন বাসভবনসহ বাউন্ডারী ওয়াল নির্মাণ প্রয়োজন। এখানে নতুন কোয়ার্টার নির্মাণ হলে সেবা উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার এবং পরিবার কল্যাণ পরিদর্শিক অবস্থানপূর্বক সার্বক্ষনিক সেবা প্রদান করতে পারবে। পরিবার কল্যাণ সহকারীর ০৭টি পদের মধ্যে ০৬টি পদ শূন্য। পৌরসভার সাথে জমি নিয়ে বিরোধের বিষয়টি স্থানীয় প্রশাসনের মাধ্যমে সমাধান করার জন্য মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তরকে নির্দেশনা প্রদান করা যেতে পারে।

২৫।০।২০২৬

(ইশরাত জামান)
যুগ্মসচিব (আর্থিক ব্যবস্থাপনা ও অডিট অনুবিভাগ)
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়